

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার আওতায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ইনোভেশন টিমের মাসিক সভার কার্যবিবরণীঃ

তারিখ : ২৭/২/২০১৭ খ্রিঃ।
স্থান : পরিচালক (প্রশাঃ ও অর্থ) মহোদয়ের অফিস কক্ষ।
সভাপতি : মোঃ হারুন-উজ-জামান ভূঁইয়া
পরিচালক (প্রশাঃ ও অর্থ)
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
উপস্থিতির তালিকা : পরিশিষ্ট 'ক'।


পরিচালক (প্রশাঃ ও অর্থ) জনাব মোঃ হারুন-উজ-জামান ভূঁইয়া তার সভাপতিত্বে পরিচালিত ১ম সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

২। ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়নে অনুষ্ঠিত উক্ত মাসিক সভায় বিষয়ভিত্তিক আলোচনা এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ-

ক্রঃ নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১।	ইনোভেশন টিম পুনর্গঠন	পূর্ববর্তি ইনোভেশন অফিসারের বদলীজনিত কারণে ইনোভেশন টিমটি পুনর্গঠন করতে হবে।	ইনোভেশন টিম
২।	কর্মপরিকল্পনা প্রণয়ন	রূপকল্প ২০২১ বাস্তবায়নের লক্ষ্যে নাগরিক সেবায় উদ্ভাবনী সংস্কৃতি তৈরির নিমিত্ত ২০১৭ সালের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা দ্রুত প্রস্তুত করে তা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও ওয়েবসাইটে আপলোড করতে হবে।	ইনোভেশন টিম
৩।	বার্ষিক প্রতিবেদন প্রস্তুত ও প্রেরণ	বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা'২০১৬ খ্রিঃ অর্জন সমূহ মূল্যায়ন করে প্রতিবেদন প্রস্তুত করতে হবে এবং তা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।	ইনোভেশন টিম
৪।	e_NOC	অনলাইনে বহুতল ভবনের ছাড়পত্র প্রদানে চালুকৃত e_NOC এর কার্যক্রম নিয়মিত পরিবীক্ষণ করতে হবে এবং এ ক্ষেত্রে কোন ত্রুটি বিচ্যুতি পরিলক্ষিত হলে তা নিরসন করতে হবে। e_NOC চালুকরায় সেবাগ্রহীতাদের প্রতিক্রিয়া বিবেচনায় রেজিস্টারের পাশাপাশি অনুভূতি প্রকাশক ষ্টিকারের মাধ্যমে মতামত নিতে হবে।	সহঃপরিচালক (ওয়ারহাউজ ও ফায়ার প্রিভেনঃ) ও আইটি সেল
৫।	e_fire license	অনলাইনে ফায়ার লাইসেন্স কার্যক্রম (e-fire license) তৈরির ব্যাপারে সফটওয়্যার ডেভেলপকারী সংস্থা 'টেকনো ভিসতা' এবং অর্থায়নকারী সংস্থা ILO এর সাথে যোগাযোগ করে দ্রুততম সময়ের মধ্যে কাজটি সম্পন্ন করে তা চালু করার ব্যবস্থা নিতে হবে।	ইনোভেশন টিম
৬।	ইনোভেশনের বিষয় কারিকুলামে সংযুক্তকরণ	অধিদপ্তরে কর্মরতদের মাঝে নাগরিক সেবায় উদ্ভাবনী সংস্কৃতি তৈরির লক্ষ্যে মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের পাশাপাশি ট্রেনিং কমপ্লেক্স-এ প্রশিক্ষণ গ্রহণকারীদেরও সম্পৃক্ত করতে হবে। এজন্য প্রশিক্ষণ কারিকুলামে 'ইনোভেশন' বিষয়টি সংযোজন করার ব্যবস্থা নিতে হবে।	সহঃ পরিচালক (প্রশাঃ)

৭।	মেন্টর নির্বাচন	বর্তমান বছরের উদ্ভাবনী উদ্যোগ মেন্টরিং এর জন্য মেন্টর নির্বাচন করতে হবে এবং নির্বাচিত মেন্টরদের নামের তালিকা সচিব (সমন্বয় ও সংস্কার) মন্ত্রিপরিষদ বিভাগ এবং প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম এর নিকট পাঠাতে হবে।	ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম
৮।	ই-ফাইলিং চালুকরণ	দ্রুততম সময়ে ই-ফাইলিং চালু করার পদক্ষেপ নিতে হবে। প্রশিক্ষণের জন্য শুধু চিঠি দিলেই হবে না। যোগাযোগও করতে হবে।	সহঃপরিচালক (প্রশিক্ষণ)/ ইনোভেশন টিম
৯।	পোর্টাল হালনাগাদকরণ	ভুল তথ্য জনগনকে বিভ্রান্ত করতে পারে তাই ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করতে হবে।	আইটি সেল
১০।	সিটিজেন চার্টার হালনাগাদকরণ	কিছু পরিবর্তনের কারণে সিটিজেন চার্টার হালনাগাদ করে তা ওয়েবসাইটে উন্মুক্ত করার ব্যবস্থা নিতে হবে।	আইটি সেল ও ইনোভেশন টিম

৩। সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



 মোঃ হারুন-উজ্জামান ডুইয়া
 যুগ্ম সচিব
 পরিচালক (প্রশাসন ও অর্থ)
 ফোনঃ ৯৫৫৭৭৩৩

তারিখঃ ২৩/০৬/২০১৭খ্রি:

স্মারক নং- ৫৮.০৩.০০০০.০১৬.১৬.০০১.১৬-৪৫৬৪(২২)

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রদান করা হলোঃ

- ১। সচিব (সমন্বয় ও সংস্কার) মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম।
- ৪। পরিচালক (প্রশাঃ ও অর্থ/পরিঃ উন্নঃ ও প্রশিঃ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ৫। উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ৬। সহকারী পরিচালক (পরিকল্পনা কোষ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ৭। সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। জনাব মোঃ হেলাল উদ্দিন খান, সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর (রিফর্ম সেল), ঢাকা।
- ৯। জনাব মোঃ হিরন মিয়া, ওয়ার হাউজ ইন্সপেক্টর, সহকারী পরিচালকের দপ্তর, ঢাকা।
- ১০। জনাব মোঃ সিফাত হোসেন, স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর (আই.টি.সেল), ঢাকা।


 মোঃ বদিউজ্জামান
 উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ)
 ফোনঃ ৯৫৫৭৭৫৯